



চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-চভেএসাবি/নিয়োগ-৪০(অংশ-৮)/২০১৭/৫৮৩

তারিখ: ১২/০৩/২০১৭ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী রেজিস্ট্রার স্কেল: ২৯০০০-৬৩৪১০/-	০১	প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমান গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বায়ত্তশাসিত/ আধা-সরকারী প্রতিষ্ঠানে ১ম শ্রেণীর পদে ৩(তিন) বছরসহ কর্মকর্তা হিসেবে ৫(পাঁচ) বছর প্রশাসনিক কার্যাদি সম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকা আবশ্যিক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কাজে দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর।
২.	উপাচার্যের একান্ত সচিব স্কেল: ২৩০০০-৫৫৪৭০/-	০১	প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমান গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বায়ত্তশাসিত/ আধা-সরকারী প্রতিষ্ঠানে ১ম শ্রেণীর পদে ২(দুই) বছর প্রশাসনিক/ প্রটোকল/ সাচিবিক কার্যাদি সম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজি ভাষায় বলা ও লিখনে পারদর্শী হতে হবে এবং কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকতে হবে। বয়সসীমা সর্বোচ্চ ৩৪ বছর।
৩.	প্রভাষক (কম্পিউটার সাইন্স/কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং) স্কেল: ২২০০০-৫৩০৬০/-	০১	মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে উভয় ক্ষেত্রে ৪র্থ বিষয়সহ ন্যূনতম "এ" গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৪.০)/ প্রথম বিভাগ (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে; তৎসহ কম্পিউটার সাইন্স/কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম "এ" গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে জিপিএ ন্যূনতম ৩.৭৫)/ প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীর বেলায় স্নাতকোত্তর পর্যায়েও "এ" গ্রেড/ প্রথম শ্রেণী (যাদের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতি চালু ছিল না) থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পাঠদানে উত্তম হতে হবে।
৪.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর স্কেল: ৯৩০০-২২৪৯০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে স্বীকৃত যে কোন বোর্ড হতে এইচএসসি/সমমান পাশ হতে হবে। সরকারী প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনায় ৬(ছয়) মাস মেয়াদে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং টাইপের গতি কমপক্ষে যথাক্রমে বাংলায়-২০, ইংরেজীতে-৩০ শব্দ সম্পন্ন হতে হবে।
৫.	ইলেকট্রিশিয়ান কাম প্লাম্বার স্কেল: ৯০০০-২১৮০০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ের উপর ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে।
৬.	বাবুর্চি (পুরুষ) স্কেল: ৮৫০০-২০৫৭০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে এবং রান্নায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
৭.	ল্যাব. এটেনডেন্ট স্কেল: ৮৫০০-২০৫৭০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
৮.	এনিমেল কিপার স্কেল: ৮২৫০-২০০১০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
৯.	অফিস সহায়ক স্কেল: ৮২৫০-২০০১০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
১০.	নিরাপত্তা প্রহরী স্কেল: ৮২৫০-২০০১০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০৬	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে।
১১.	পরিচ্ছন্নতা কর্মী স্কেল: ৮২৫০-২০০১০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে। হরিজন সম্প্রদায়ের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১২.	মালী স্কেল: ৮২৫০-২০০১০/- (কক্সবাজার গবেষণা কেন্দ্র)	০১	প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাশ হতে হবে। বাগান পরিচর্যা কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

(চলমান, পাতা-২)

